HE

হালকা গাড়ি - এডভান্স মডিওল

# সুরক্ষিত ড্রাইভিং

## গাড়ি চালানোর বই ও সড়ক আইন



# গাড়ি চালানোর প্রশিক্ষণ ম্যানুয়েল

## হালকা গাড়ি

# মুদ্রিত

ভরতে ক্রম-বর্ধমান উন্নয়নের সাথে সাথে বিভিন্ন রকমের সমস্যারও বৃদ্ধি ঘটছে। পথে যানবাহনের সংখ্যা বেড়ে যাওয়ার সাথে সাথে বেপরোয়া গাড়ি চালানোর জন্য হতাহতের ঘটনা ক্রমশ বেড়েই চলেছে। আমাদের সতর্ক হতে হবে এবং এই পরিসংখ্যানে যাতে নিজেরাও যুক্ত না হই, সেই চেষ্টা করতে হবে।

এক শিক্ষিত এবং সাবধানী চালকদের সংস্কৃতি গড়ে তুলতে হবে, যারা অন্যান্য রাস্তা ব্যবহারকারীদের প্রতি সংবেদনশীল হবেন, আইন মেনে চলবেন, এবং পথের দায়িত্ববোধ মেনে চলবেন, একমাত্র এভাবেই প্রতিদিনের দুর্ঘটনায় অহেতুক মৃত্যু এবং ক্ষতির পরিমান হ্রাস করা সম্ভব। আমাদের প্রত্যেককে দায়িত্বশীল হতে হবে এবং আমরা সবাই সম্মিলিতভাবে চেষ্টা করলে আমাদের রাস্তার এবং যারা রাস্তা ব্যবহার করেন, তাঁদের স্বভাবও পরিবর্তন করতে পারব।

Langage: Bengali

Published by **Hubert Ebner (India) Pvt. Ltd.**
**C-18, Chirag Enclave,**
**New Delhi – 110 048 (India)**
**Tel.: +91 11 46107654**
**E-mail: driving@he-india.com**
**Web: www.he-india.com**
**© All rights reserved**

সংস্করণ :

**May 2012**
**March 2016**

প্রকাশকের অনুমতি ছাড়া এই প্রকাশনের কোনো অংশ, কোনো প্রকারের ইলেক্ট্রনিক, যান্ত্রিক, ফোটোকপি, রেকর্ডিং অথবা অন্য কোনো মাধ্যমে, পুনর্মুদ্রপ, সংরক্ষপ বা প্রেরপ করা যাবে না। ভাড়ার বিনিময়ে জনসাধারপের ব্যবহারযোগ্যও নয়।.

## বিষয়-সূচী




### হালকা গাড়ি- মৌলীক 1-24

**দায়িত্বশীল ড্রাইভার** 1-10
ড্রাইভারের দায়িত্ব 1
প্রয়োজনীয় নথি 1
ড্রাইভিং লাইসেন্স 2
গাড়ীর নিবন্ধিকরণ পত্র 2
যাত্রী ও মাল বহন 4
গাড়ী ও যাত্রীদের রক্ষাকবচ 5
অন্যদের প্রতি নম্র 6
ভালো ড্রাইভারের গুণাবলি 6
স্বাস্থ্য এবং ফিটনেস 7
জ্ঞান, প্রশিক্ষণ, দক্ষতা এবং অভিজ্ঞতা 9
আইনের বাঁধা পার করার জন্য 10

**গাড়ীর জ্ঞান ও রক্ষণাবেক্ষণের প্রয়োজনীয়ত** 11-14
গাড়ীর রক্ষণাবেক্ষণ 11

**ভাঙ্গন ! দুর্ঘটনা ! দড়িটেনে তোলা** 15-18
ভাঙ্গন বা খারাপ হওয়া 15
দুর্ঘটনা 16
দড়িটেনে তোলা বা টোইং 17

**প্রাথমিক চিকিৎসা** 19-24
রাস্তায় দুর্ঘটনাগ্রস্থ ব্যক্তির প্রাথমিক চিকিৎসা 19
মাথায় আঘাত 19
ঘাড়ে ও মেরুদন্ডের আঘাত 20
বুকে আঘাতের লক্ষণ 21
অস্থিভঙ্গের লক্ষণ 21
বাহিরের ক্ষত 22
পোড়া 23





### হালকা গাড়ি- 1 25-48

**গাড়ির গতিবিদ্যা** 27-30
মাধ্যাকর্ষণ 27
গাড়ির গতি 27
গাড়ির কাঠামো 28
রাস্তার উপরিতলের সাথে ঘর্ষণ 28
রাস্তার অবস্থা 28
রাস্তার পুর্তবিদ্যা 29
ভার 29
গতিরোধ পদ্ধতি 30

**কঠিন পরিস্থিতিতে গাড়ি চালানো** 31-38
রাস্তার অবস্থা 31
প্রতিকূল আবহাওয়ার অবস্থা 33

**ঝুঁকিপূর্ণ উপলব্ধি** **39-44**
ঝুঁকিপূর্ণ উপলব্ধি 39
আস্তে করা এবং গতিরোধ ব্যবস্থাপনা 42
দৃশ্যতা 43

**আপদকালীন অবস্থা** **45-48**
চাকা ফেটে যাওয়া 45
গতিরোধ ব্যর্থত 46
বনেট উড়ে যাওয়া 46
খারাপ প্রতিবর্ত প্রতিক্রিয়া 46
গাড়িতে আগুন লাগা 46
পিছলে যাওয়া 47
গাড়ির পিছনে কম দূরত্ব। 48



## হালকা গাড়ি- 2 **49-68**

**গাড়ির কৌশল এবং রক্ষণাবেক্ষণ** **51-68**
সাধারণ 51
মোটর গাড়ির অংশবিশেষ 51
মোটর গাড়ির বিভিন্নপ্রনালী 51
চালনা নিয়ন্ত্রণ 55
মোটর গাড়ির পর্যবেক্ষণ 60
প্রয়োজনীয় পরীক্ষা 63
গাড়ির রক্ষণাবেক্ষণ 64
গাড়ির **সমস্যা** 66



## হালকা গাড়ি- 3 **69-80**

**প্রশিক্ষিত ড্রাইভারের দক্ষত** **71-80**
ড্রাইভারের ভূমিকা 71
আইনি বিভিন্ন দিক 71
গ্রাহক সম্বন্ধ 72
গাড়ীর রক্ষণাবেক্ষণ ও পরিচ্ছন্নতা 74
পরিবহন বাধ্যবাধকতা 75
ব্যক্তিগত চেহারা বা উপস্থিতি 75
বিশেষ যাত্রী পরিচালনা করা 77
সমস্যাজনিত এলাকা 78
দুর্ঘটনা ও খারূপ হওয়া 79

# দায়িত্বশীল চালক




নিরাপদভাবে গাড়ী চালানো একটি দক্ষতা যেটা ভালো প্রশিক্ষণ এবং দায়িত্ব দ্বারা করা হয়, এখানে প্রশাসনিক, সামাজিক, গাড়ীর রক্ষণাবেক্ষনের, যাত্রীর ও ভার বহনের দায়িত্ব থাকে। মোটর গাড়ী চালাবার আগে আপনার কাছে উপযুক্ত ড্রাইভিং লাইসেন্স এবং গাড়ীটির নিবন্ধীকরণ এবং বীমাকরণ করে রাস্তায় চালানো হয়। একজন ভালো ড্রাইভারের ভালো স্বাস্থ্য, ইতিবাচক মনোভাব এবং রাস্তা ব্যবহারকারীদের প্রতি ভালো ব্যবহার এবং আত্মরক্ষামূলক ড্রাইভিং থাকা উচিত। ড্রাইভারের নৈতিক দায়িত্ব ফিট থাকা। তাকে সচেতন থাকতে হবে গুণনীয়ক ও অবস্থার উপর যার দ্বারা তার দক্ষতা ও ক্ষমতা কমে যেতে পারে নিরাপদ ড্রাইভিং-এর।

## » ড্রাইভারের দায়িত্ব

একজন ড্রাইভারের দায়িত্বগুলি নিম্নরূপ।

- গাড়ীর ধরণ ও ক্ষমতা অনুযায়ী উপযুক্ত লাইসেন্স রাখা।
- প্রয়োজনীয় নথি, একটি প্রাথমিক চিকিৎসার বাক্স এবং সতর্কবার্তা ত্রিভুজ সর্বদা গাড়ী চালানোর সময় কাছে রাখুন।
- গাড়ীর ফিটনেস — গাড়ীকে উপযুক্ত অবস্থায় রাস্তায় চালানোই তার দায়িত্ব।
- যাত্রীদের নিরাপদ এবং সুরক্ষিত পরিবহন হয় এটাই তার কর্তব্য। তাঁকে অবশ্যই নিশ্চিত করতে হবে যাত্রীদের সঠিক ও সুরক্ষিতভাবে বহন করা হয় এবং গাড়ী যেন ওভারলোড না হয়।
- যে কোনো ঘটনা এবং যে কোনো অবস্থায় তাকে সর্তক এবং শারীরিকভাবে প্রস্তুত থাকবে হবে গাড়ীকে পরিচালনা করার জন্য, (যেমন কোনো ক্লান্তি নয়, না মাতাল, না বিভ্রান্ত), সর্বদা অনুসরণ এবং মান্য করতে হবে ট্রাফিক নিয়ম।
- গাড়ীর মধ্যে সঠিক এবং আরামদায়ক বসার ব্যবস্থা থাকা উচিত যাতে গাড়ীর নিয়ন্ত্রণ ও প্যাডেলস আরামদায়ক হয় এবং স্টিয়ারিং হুইলকে চালনা করা মসৃণ এবং বিনা বাধা ছাড়া হয়।
- সর্বদা আসনবেল্ট ব্যবহার করুন।
- তাকে নিশ্চিত করতে হবে তার রাস্তা এবং রাস্তার ট্রাফিকের উপর ভলো ও দৃষ্টিশক্তি আছে। বায়ুরোধক কাঁচ পরিস্কার রাখুন এবং ড্রাইভার আয়না সঠিকভাবে নিয়ন্ত্রিত রাখুন।
- গাড়ীকে পরিবেশ বন্ধুত্বপূর্ণ পদ্ধতিতে ব্যবহার করুন। হঠাৎ ত্বরণ ও গতিরোধ এড়িয়ে চলুন। গাড়ীর বন্ধ লাইট অফ করে এবং মসৃণভাবে চালিয়ে দূষণ এড়ান।

## » প্রয়োজনীয় নথি

একজন ভালো ড্রাইভার গাড়ীর প্রয়োজনীয় নথি এবং নিজস্ব কাগজপত্রের সাথে পরিচিত থাকবন, যেটা প্রমাণ করে যে সে একটি প্রশিক্ষিত ড্রাইভার। তার দায়িত্ব থাকে নথিগুলি আপডেট করা যেমন লাইসেন্স নবীকরণ, রোড কর ও পারমিট। সে যেন ট্রাফিক নিয়ম ও প্রবিধান সম্বন্ধে জ্ঞাত থাকে।

ড্রাইভিং করার সময় এটা জরুরী যে একজন ড্রাইভার যেন নিম্নলিখিত নথিগুলি নিয়ে চলে ঃ

- একটি ড্রাইভিং লাইসেন্স
- গাড়ীর নিবন্ধিকরণ পত্র
- যদি প্রয়োজন হয় রাস্তা কর নিবন্ধকরণ পত্র
- বীমাকরণ পত্র
- দূষণ নিয়ন্ত্রণ নিবন্ধীকরণপত্র
- হুকুমনামা ও গাড়ীর ফিটনেস
- নিবন্ধীকরণ পত্র (প্রযোজ্য শুধুমাত্র পরিবহন ও বাণিজ্যিক গাড়ীতে)।



# দায়িত্বশীল চালক

যে কোনো পুলিশ অফিসার একরূপে ও পরিবহন বিভাগ থেকে প্রয়োগকারী ব্যক্তিরা যে কোনো সময়ে সমস্ত নথিপত্র পরিক্ষা করতে পারে।

একটি ফোটোকপি তখন চলবে যখন সেটি স্ট্যাম্প ও সত্যায়িত করা থাকে। গেজেটেড সরকারী কর্মকর্তা-এর দ্বারা।
একটি বৈধ নথি না দেখতে পারলে সেটি দন্ডনীয় অপরাধ হয়। গাড়ীটি বাজেয়াপ্ত করা যেতে পারে তখন।

## » ড্রাইভিং লাইসেন্স

**একটি বৈধ ড্রাইভিং লাইসেন্স অধিকার দেয় ধারককে গাড়ী চালাবার জন্য এক অথবা অনেক নিম্নলিখিত শ্রেণীতে, যেমন ঃ**

- গিয়ার ছাড়া মোটর সাইকেল।
- গিয়ার যুক্ত মোটর সাইকেল।
- তিন চাকা মোটরগাড়ী—
- হালকা মোটরগাড়ী (নিজস্ব বা বাণিজ্যিক)
- পরিবহন গাড়ী (জিনিষপত্র বা যাত্রীগাড়ি)
- উল্লিখিত বর্ণনা অনুযায়ী মোটরগাড়ী।

### ড্রাইভিং লাইসেন্স এর বৈধতা

লাইসেন্সটি শুরু হওয়ার দিন থেকে কুড়ি বছর বৈধ থাকবে অথবা পঞ্চাশ বছর অবধি, যেটা আগে হবে। পঞ্চাশ বছরের পর বৈধতা পাঁচ বছর।

যদি আপনার লাইসেন্সটা বাণিজ্যিক যাত্রী অথবা জিনিসপত্র বোঝাই গাড়ী হয় তাহলে প্রতি তিন বছর অন্তর পুনর্নবীকরন করা উচিত। যেমন লাইসেন্স কমিটি বলবেন।

### ড্রাইভিং লাইসেন্স-এর নবীকরণ

ড্রাইভিং লাইসেন্স আপনার বয়সের উপর নির্ভর করে। যদি আপনার ত্রিশ বছর বয়স হয় তাহলে আপনি লাইসেন্স পাবেন যার বৈধতা থাকবে পঞ্চাশ বছর অবধি। যদি আপনার বয়স পয়তাল্লিশ বছর বা তার বেশী হয় তাহলে নবীকরন করা যাবে 5 বছর পর্যন্ত। আপনি আপনার লাইসেন্স 30 দিনের নবীকরণ শেষ হবার সময়ের মধ্যে নবীকরণ করান। নবীকরণ করার সময় পেছিয়ে যাবার পর যদি আরও 30 দিন গাড়ী চালানো হয় সেটি দন্ডনীয় অপরাধ হবে।

### প্রয়োজনীয়তা

- ফর্ম 9 আবেদন পত্র
- বয়স ও বাড়ীর প্রমাণপত্র
- চিকিৎসা প্রমাণপত্র যখন দরকার
- আপনার বর্তমান ড্রাইভিং লাইসেন্স
- পাসপোর্ট আকারের ফোটোগ্রাফ তিনকপি।

### হারানো লাইসেন্স এর ক্ষেত্রে

হারানো লাইসেন্স-এর তৎক্ষণাৎ রিপোর্ট লেখান। একটি প্রতিলিপি লাইসেন্স পাওয়ার জন্য নিম্নলিখিত প্রক্রিয়া অনুসরণ করুন ঃ-

- সমস্ত তথ্য ও বিবরণ দিয়ে লাইসেন্স হারিয়ে যাওয়ার একটি রিপোর্ট পুলিশ স্টেশনে ফাইল করুন।
- বাণিজ্যিক লাইসেন্স-এর ক্ষেত্রে ট্রাফিক পুলিশ-এর থেকে একটি চালান ক্লিয়ারেন্স রিপোর্ট প্রাপ্ত করুন।
- ফর্ম বা আবেদন পত্র ভরুন।
- বয়স ও বাড়ীর প্রমাণ পত্র
- প্রযোজ্য হিসাবে পারিশ্রমিক।

নিজের উপকারের জন্য সর্বদা একটি ফোটোকপি আপনার ড্রাইভিং লাইসেন্স-এর অথবা নম্বরের নথি, তারিখ এবং কতৃপক্ষ যার থেকে আপনার লাইসেন্স জারি হয়েছিল, নিজের কাছে রাখুন।

## » মোটরগাড়ীর নিবন্ধীকরণ

### নিবন্ধীকরণ চিহ্ন।

একটি গাড়ী কখনই চালানো যাবে না যতক্ষণ না গাড়ীটি নিবন্ধীকরণ হয় এবং নিবন্ধকরণ চিহ্ন থাকে।



নিবন্ধীকরণ চিহ্ন, এই নম্বরটা পরিবহন কতৃপক্ষ দ্বারা নির্ধারিত করা হয়, যেটা কিনা ঃ

- মোটর গাড়ীর সামনে এবং পিছনে লাগানো থাকে।
- বাঞ্ছনীয় আকার এবং একটি যুক্তিসঙ্গত দূরত্ব থেকে স্পষ্ট দৃশ্যমান।

খেয়ালখুশিভাবে লেখা অবৈধ এবং দন্ডনীয় অপরাধ

গাড়ি চালানো '**প্রার্থিত**' এবং নম্বর প্লেট "**অনুমোদিত নয়**"।

অক্ষরের আকার, সংখ্যাসূচক ও রঙ সমাহার নিবন্ধীকরণ নম্বর প্লেটের আইন দ্বারা শাসিত হয়।

এটা দরকার যে আপনি কর্তৃপক্ষ দ্বারা মামলা রুজু বা আইনগত ব্যবস্থা এড়ানোর জন্য নিয়ম মেনে গাড়ি চালান ।

## "দূষণ নিয়ন্ত্রণ" সার্টিফিকেট

আপনার গাড়ির যেন উপযুক্ত বা বৈধ "দূষণ নিয়ন্ত্রণ" সার্টিফিকেট থাকে। বিভিন্ন রাষ্ট্রের আলাদা প্রয়োজনীয়তা থাকে যেটা গাড়ির বয়স ও বিভাগ অনুযায়ী বিভিন্ন হয়।




এটি গুরুত্বপূর্ণ যে আপনি প্রয়োজনীয়তা সম্বন্ধে সচেতন হন এবং রাষ্ট্রের আইন কানুন মেনে চলুন।

## গাড়ীর ফিটনেস সার্টিফিকেট

শুধুমাত্র নিরাপদ এবং ভালোভাবে রক্ষণাবেক্ষিত গাড়ীই রাস্তায় অনুমোদিত। যদি কোনা গাড়ীর বয়স 15 বছরের বেশী হয় তাহলে তাকে রাস্তায় সুযোগ্য ঘোষণা করার জন্য একটি ফিটনেস পরীক্ষার মধ্যে দিয়ে যেতে হয়, এই পরীক্ষাটি আদেশমূলক সমস্ত মোটর গাড়ী ও যানের জন্য যারা 15 বছর পেরিয়ে গেছে।

## পর্যাবৃত্ত চেক এবং গাড়ির রক্ষণাবেক্ষণ

কেবলমাত্র রাস্তা সুযোগ্য মোটর গাড়ীই রাস্তায় চলার অনুমোদন পায়। ইহার মানে সমস্ত যান্ত্রিক এবং বৈদ্যুতিক যন্ত্রাংশ সঠিকভাবে কাজ করে এবং গাড়িটি যেন ভালো রক্ষণাবেক্ষণ-এ থাকে। গাড়ীর নিখুঁত কাজের অবস্থা নিরূপন করা এবং গাড়ীকে নিরাপদ চালিত অবস্থায় রাখা ড্রাইভারের দায়িত্ব।

গাড়ীকে সর্বদা সঠিকভাবে রক্ষণাবেক্ষণ করা হয় এবং এমনভাবে করা হয় যাতে গাড়ীকে যে কোনো সময়ে নিরাপদভাবে চালানো যায়। নিরাপদভাবে ড্রাইভিং করার জন্য গাড়ী চালাবার আগে চেক করা এবং প্রতিদিন চেক খুব জরুরী । যদি আপনি কোনো খুঁত খুঁজে পান তাহলে তাকে ঠিক না করে যাত্রা চালু করবেন না ।

ড্রাইভিং করার সময় নজর রাখতে হবে যন্ত্র প্যানেল-এর দিকে, আয়নার দিকে এবং গাড়ীর ব্যবহারের দিকে, যদি কোনো সময় কোনো সর্তকবার্তা লাইট, বাজার, গন্ধ বা ইঙ্গিত দেয় যে আপনার গাড়ী স্বাভাবিক নয় তহলে নির্ধারিত পরমিতির মধ্যে বন্ধ করুন এবং সমস্যার মূল্যায়ন করুন।




যদি জটিল সমস্যা মীমাংসিত না হয় তখন হয় গাড়ীকে নিরাপদভাবে চালিয়ে যান, অথবা তাকে দড়ি টেনে কাছের কারখানায় নিয়ে যান।

গাড়ী চালাবার আগে পর্যবৃতক পরীক্ষা করা হয় কারখানায় এবং প্রতিদিন সার্ভিসিং করলে সমস্ত বাধা ও সমস্যা কমিয়ে দেয় এবং রক্ষণাবেক্ষনের খরচা কমিয়ে দেয়।

## গাড়ীর অপব্যবহার

গাড়ীর অপব্যবহার করবেন না যদি আপনি মালিক না হন। যে কাজের জন্য দেওয়া হয়েছে তার জন্য ব্যবহার করুন এবং অনুমোদিত ব্যক্তি ছাড়া অন্য কাউকে গাড়ী চালাতে দেবেন না।
যদি কোনো দুর্ঘটনা হয় তাহলে গাড়ীর মালিককে খবর দিন।

## » লোডিং এবং বোর্ডিং

লোড এবং বোর্ড হল একটি গুরুত্বপূর্ণ ফ্যাক্টর যে যানবাহনের দায়িত্ব নিয়ন্ত্রণ এবং ম্যানুভার করে। প্রতি গাড়ীর উল্লিখিত লোড ক্ষমতা ও সর্বোচ্চ আসন ক্ষমতা থাকে।

ক্ষমতা ছাড়াইয়া লোডিং ও বোর্ডিং করলে গাড়ীর নিয়ন্ত্রণ হারাতে পারে ও ক্ষতিগ্রস্থ হতে পারে। এর ফলে বিপজ্জনক পরিস্থিতি এবং গাড়ী চালাবার সময় নিয়ন্ত্রণ হ্রাস পেতে পারে।




## লোডিং এবং পরিবহনকারী জিনিসপত্র

- গাড়ী কখনই অত্যাধিক বোঝাই করবেন না। নির্ধারিত সীমা অতিক্রম করবেন না। (কিলোগ্রাম / মিটার / চওড়া / লম্বা)।
- প্রতিটি পরিবহন বস্তু ও থলি একটি নিরাপদ স্থানে রাখতে হবে। প্রয়োজন হলে এটা হবে সুরক্ষিত এবং ল্যাশ।
- কখনও খুচরো জিনিস যেমন টুল, ল্যাপটপ, জলের বোতল ইত্যাদি অসুরক্ষিত ভাবে পিছনের সিটে বা পিছনের সিটের তাকে রাখবেন না। যদি আপনি হঠাৎ ব্রেক কষেন তাহলে এই খুচরো জিনিসগুলি উড়তে পারে এবং একটি বিপদজ্জনক অবস্থাতে পরিণত হয়ে আপনাকে এবং যাত্রীদের ক্ষতিগ্রস্থ করতে পারে এবং তাতে গাড়ীর নিয়ন্ত্রণ হারাতে পারে।
- ভারী জিনিসপত্র গাড়ীর ডিকিতে রাখুন।




- লোড কখনই যেন ড্রাইভারের লক্ষ্যকে বাধা না দেয়।
- যাত্রী ও তাদের জিনিসপত্র পরিবহন করার সময় সতর্ক থাকবেন।
- যখন আপনি ছাদ তাক ব্যবহার করবেন নিশ্চিত থাকবেন তখন যেন বেশী বোঝা ছাদ পিষে না দেয়। প্রত্যেক গাড়ীর এবং ছাদ তাকের একটি সীমা থাকে বোঝা বইবার তাতে বোঝা নিয়ে যেতে সুবিধা হয়। নিশ্চিত থাকতে হবে যে পরিবহন জিনিসপত্র সঠিকভাবে নিরাপদ থাকে এবং ড্রাইভিং করার সময় স্থানচ্যুত না করা অথবা অন্য রাস্তা ব্যবহারকারীদের বিপদগ্রস্ত না করা।




## সাবধানতা

ছাদ তাকের ওভার লোডিং গাড়ীর ভারসাম্যহীনতা সৃষ্টি করে যাতে গাড়ীর নিয়ন্ত্রণ হারায় এবং দুর্ঘটনা সৃষ্টি করে। ড্রাইভারের দায়িত্ব সম্পূর্ণ স্বাচ্ছন্দ্য, সুরক্ষা ও নিরাপত্তা।

## যাত্রী পরিবহন

যাত্রীদের নিরাপদ পরিবহন ড্রাইভারের দায়িত্ব। তখনও যত সিট আছে তার থেকে বেশী যাত্রী নেওয়া উচিত নয় অথবা বহন ক্ষমতার বেশী যাত্রী নেওয়া উচিত নয়।

গাড়ী ওভার লোড করলে গম্ভীর দুর্ঘটনা ঘটতে পারে।




ড্রাইভার নিশ্চিত থাকেন যাত্রীরা যেন সিট্ বেল্ট ভালোভাবে পরেন।




## শিশুদের পরিবহন

শিশুদের পরিবহন করার জন্য বিশেষভাবে নির্মিত সিট থাকে যেটি তাদের বয়স ও ওজন অনুযায়ী হয়। শিশুদের কখনই সামনের সিট-এ অথবা সিট বেল্ট ছাড়া বসতে দেবেন না।




## » গাড়ি ও যাত্রীর নিরাপত্তা

গাড়ী ও যাত্রীদের রক্ষাকবচ দেওয়া ড্রাইভারের কর্তব্য।

শহুরে এলাকায় চুরির কেস দ্রুত বৃদ্ধি পাচ্ছে। গাড়ি চোরেরা সর্বদা নজর রাখে নতুন ও দামী গাড়ির ওপর। তারা সর্বদা একটি সোজারাস্তা বার করে তাদের কাজের জন্য এবং তাদের টার্গেটরা আলগাভাবে সুরক্ষিত গাড়ি ও ধনী যাত্রীরা হয়। বাড়ীতে অথবা অফিসে পার্কিং করার সময় অথবা গাড়ী চালাবার সময় যাত্রী অথবা যাত্রী ছাড়া সর্বদা সতর্ক থাকতে হবে।




## গাড়ী চালাবার এবং পার্কিং করার সময় সর্তকতাজ্ঞ

- গাড়ি চালাবার সময় সমস্ত দরজা ভিতর থেকে বন্ধ করুন।
- ট্রাফিক লাইটে ভিখারী ও হকারের সাথে কথাবার্তায় জড়িয়ে যাবেন না। একজন আপনাকে বিভ্রান্ত করে অন্যজনের দ্বারা আপনার দামী জিনিস তুলে নিতে পারে।
- সর্বদা ভ্রমণ করার সময় রাস্তার সম্বন্ধে সম্পূর্ণ জ্ঞান রাখবেন।
- সময় ব্যবস্থাপনা অনুযায়ী যাত্রার পরিকল্পনা করবেন।
- রাত্রিবেলা জানা রাস্তা নির্ধারণ করুন।
- অজ্ঞাত ব্যক্তিকে কখনও উত্তোলন করবেন না।
- গাড়িকে সর্বদা সাবধানতায় বা অনুমোদিত পার্কিং এলাকায় পার্কিং করতে হবে।
- না জানা রাস্তায় একটি প্রত্যয়িত গাইড নিয়ে যাওয়া উচিত।
- সর্বদা পুলিশের, অ্যাম্বুলেন্সের এবং অগ্নি কেন্দ্রের লোকাল ফোন নম্বর সঙ্গে নিয়ে চলুন ।

**কখনও ভুলবেন না, সমস্ত জানলা বন্ধ করবেন, সাবধানতা অবলম্বন করুন এবং চাবি লাগিয়ে চাবি নিজের কাছে রাখুন।**